



বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড  
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প (সংশোধিত)  
পল্লী ভবন (৬ষ্ঠ তলা)  
৫, কাওরানবাজার, ঢাকা-১২১৫।  
[www.iresppw-brdb.gov.bd](http://www.iresppw-brdb.gov.bd)


স্মারক নং-৪৭.৬২.০০০০.৯৬৬.০০.৭৭৬.১৪-৯৯

তারিখঃ ২৬/০২/২০১৭ খ্রিঃ

### অফিস আদেশ

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাবীন দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্পের যশোর জেলার অভয়নগর উপজেলার সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা রেহেনা পারভীন কর্তৃক অনিয়মতান্ত্রিক ঋণ বিতরণ ও আদায়সহ প্রকল্পের নীতিমালা পরিপন্থী কার্যকলাপের স্বীকারোক্তিমূলক জবানবন্দি এবং মেয়াদোত্তীর্ণ খেলাপীকৃত সমুদয় অর্থ আদায়ের সর্বশেষ তারিখ ২৫/১২/২০১৬ খ্রিঃ নির্ধারণপূর্বক ব্যর্থতায় তাকে প্রকল্পের চুক্তিভিত্তিক নিয়োগ হতে চূড়ান্তভাবে অব্যাহতি প্রদানের নির্দেশনা দেয়া হয়েছিল। তাই মেয়াদোত্তীর্ণ খেলাপীর অর্থ আদায়ের সর্বশেষ সময় ২৫/১২/১৬ তারিখ উত্তীর্ণ হওয়ায় তার বিরুদ্ধে চূড়ান্ত ব্যবস্থা গ্রহণের পূর্বে মেয়াদোত্তীর্ণ খেলাপীর অর্থ আদায়ের বর্তমান অবস্থাসহ প্রকল্পের সার্বিক কার্যক্রম সরেজমিনে তদন্ত করার জন্য একটি কমিটি গঠন করা হয়েছে। উক্ত কমিটির সুপারিশের আলোকে তার বিরুদ্ধে চূড়ান্ত ব্যবস্থা গ্রহণ করা হবে। যেহেতু উক্ত উপজেলায় অদ্যাবধি ১৪৬৭৩৭১/- (চৌদ্দ লক্ষ সাতষট্টি হাজার তিনশত একাত্তর) টাকা মেয়াদোত্তীর্ণ খেলাপী রয়েছে তাই বর্ণিত কর্মকর্তার বিষয়ে নিম্নোক্ত ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদান করা হলোঃ

বর্ণিত কর্মকর্তার মাসিক সাকুল্য বেতনের ৫০% হারে স্থগিত থাকবে; যা অনিয়মতান্ত্রিকভাবে বিতরণকৃত মেয়াদোত্তীর্ণ খেলাপীর অর্থ আদায় সাপেক্ষে ফেরতযোগ্য হবে। মেয়াদোত্তীর্ণ খেলাপীর অর্থ আদায় না হলে সাকুল্য বেতনের স্থগিতকৃত অর্থ অনিয়মতান্ত্রিকভাবে বিতরণকৃত মেয়াদোত্তীর্ণ খেলাপীর বিপরীতে সমন্বয় করা হবে।

  
২৬/০২/১৭  
প্রকৌশলী মোহাম্মদ রাশেদুল আলম  
প্রকল্প পরিচালক, ইরেসপো  
বিআরডিবি, ঢাকা।

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

১. জনাব রেহেনা পারভীন, এআরডিও, ইরেসপো, উপজেলাঃ অভয়নগর জেলাঃ যশোর।
২. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিআরডিবি, উপজেলাঃ অভয়নগর জেলাঃ যশোর।  
(বর্ণিত কর্মকর্তার মাসিক বেতনের স্থগিতকৃত অংশ(৫০%) আপনার দপ্তরে সংরক্ষণ এবং পরবর্তীতে প্রকল্প সদর দপ্তরের নির্দেশনা অনুযায়ী অনিয়মতান্ত্রিকভাবে বিতরণকৃত মেয়াদোত্তীর্ণ খেলাপীকৃত সমিতির বিপরীতে সমন্বয়ের জন্য অনুরোধ করা হলো।)
৩. উপপরিচালক, বিআরডিবি, জেলাঃ যশোর।
৪. প্রোগ্রামার (ইরেসপো), বিআরডিবি, (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
৫. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা। (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)
৬. পরিচালক (সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
৭. অফিস কপি/ব্যক্তিগত নথি/গার্ড ফাইল।